



বিআইডব্লিউটিএ
প্রবহমান নদীর সাথে
বিশেষ নৌ-বিজ্ঞপ্তি নং-১২/২০১৬

তারিখঃ ২৯/০৮/২০১৬ ইং।

এতদ্বারা সকল নৌ-যানের মালিক/মাষ্টার/ড্রাইভারসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিআইডব্লিউটিএ কর্তৃক গত ১১/০৮/১৬ইং এবং ১২/০৮/১৬ তারিখে বিভিন্ন দৈনিক পত্রিকায় প্রকাশিত বিশেষ নৌ-বিজ্ঞপ্তি নং-১১/২০১৬, তারিখঃ ১০/০৮/১৬ এর আদেশ বাতিল পূর্বক পূর্বের ন্যায় অর্থাৎ নিরাপদ নৌ-চলাচলের সুবিধার্থে বর্তমানে পূর্ণ জোয়ারের সুবিধা নিয়ে শুধুমাত্র দিনের বেলায় সর্বোচ্চ ১২-০' ফুট ড্রাফট বিশিষ্ট নৌ-যানগুলোকে কর্তৃপক্ষের পাইলটসহ মংলা প্রান্ত হতে আগামী ৩০/০৮/১৬ তারিখে একমুখী এবং ঘাসিয়াখালী প্রান্ত হতে ৩১/০৮/১৬ তারিখে একমুখী এভাবে পর্যায়ক্রমে ১ (এক) দিন পরপর (এক প্রান্ত বন্ধ অপর প্রান্ত খোলা) চলাচলের জন্য অনুরোধ করা যাচ্ছে। চ্যানেলের প্রশস্ততা সীমিত থাকায় সাইড টোয়িং (Side Towing) এ নৌ-পথে নিষিদ্ধ। সে সাথে নদীর টেক ও বাঁকে এবং ড্রেজিং কাজে নিয়োজিত/ব্যবহৃত ড্রেজার, পাইপ, ড্রেজিং-সহায়ক নৌ-যান ইত্যাদির সাথে সংঘর্ষ এড়িয়ে সাবধানতার সাথে নৌ-যান পরিচালনার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা যাচ্ছে।

পরিচালক

নৌ-সংরক্ষণ ও পরিচালন বিভাগ
বিআইডব্লিউটিএ, ঢাকা।

নং-সিডব্লিউ-১৮.৮০৫.০২৬.০০.০০.১৬/২৪১.২০১১/ ১১৩২

তারিখঃ ২৯-০৮-২০১৬খঃ